বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০১৮ সালের ১১তম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. এম আসলাম আলম
রেক্টর (সিনিয়র সচিব)

সভার তারিখ : ২৮ নভেম্বর ২০১৮

সভার সময় : বেলা ০২:০০ টা

স্থান : রেক্টরস্ কনফারেন্স রুম (আইটিসি)

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সকলকে স্বাগত জানানো হয়। অত:পর আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)কে বলা হয়। পরিচালক (প্রশাসন) বিষয়সমূহ উপস্থাপন করলে নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনঃ	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	গত ২৯.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত ১০ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/ মতামত থাকলে তা উত্থাপনের অনুরোধ জানানো হয়।	গত ২৯.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত ১০ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/মতামত না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।
২	প্রবিধানমালা সংশোধন	অর্গানোগ্রামের খসড়া চূড়ান্ত হলে রেক্টর মহোদয়ের সাথে আলোচনা করে যেসকল পদের দুইটি স্কেল রয়েছে সেগুলো একই স্কেলে রুপান্তর এবং পদসমূহের ফিডার পদ ঠিক করে দ্রুত প্রবিধানমালার খসড়া চূড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়।	অর্গানোগ্রামের খসড়া চূড়ান্ত হলে রেক্টর মহোদয়ের সাথে আলোচনা করে যেসকল পদের দুইটি স্কেল রয়েছে সেগুলো একই স্কেলে রুপান্তর এবং পদসমূহের ফিডার পদ ঠিক করে দ্রুত প্রবিধানমালার খসড়া চূড়ান্ত করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি)/ পরিচালক (প্রশাসন)
৩	অর্গানোগ্রাম হালনাগাদকরণ	এমডিএস (আরএন্ডসি) জানান- অর্গানোগ্রামের খসড়া প্রস্তুত করা হয়েছে রেক্টর মহোদয়ের সাথে আলোচনা করে চূড়ান্ত করা হবে। প্রতিটি আঞ্চলিক কেন্দ্রের জন্য ২জন উপপরিচারক এবং ৪জন সহকারী পরিচালক পদ ধরে সে মোতাবেক কেন্দ্রের অর্গানোগ্রামে জনবল কমিয়ে আগামী ১ মাসের মধ্যে অর্গানোগ্রাম এর খসড়া চূড়ান্ত করতে হবে।	প্রতিটি আঞ্চলিক কেন্দ্রের জন্য ২জন উপপরিচালক এবং ৪জন সহকারী পরিচালক পদ ধরে সে মোতাবেক কেন্দ্রের অর্গানোগ্রামে জনবল কমিয়ে আগামী ১ মাসের মধ্যে অর্গানোগ্রাম এর খসড়া চূড়ান্ত করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি)/ পরিচালক (প্রশাসন)

৪	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি	আগামী ২০/১২/২০১৮ তারিখের মধ্যে ত্রি-পক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠিত হবে মর্মে সভায় আলোচনা হয়।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে ২০/১২/২০১৮ খ্রি. তারিখের মধ্যে ত্রি-পক্ষীয় অডিট কমিটির সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: উপপরিচালক (অর্থ)
৫	বকেয়া কোর্স ফি আদায়	ক) পুরাতন বকেয়া কোর্স ফি ৫,১৬,০০০/ টাকার মধ্যে আদায় হয়েছে ৫৭,০০০/- টাকা। নতুন বকেয়া কোর্স ফি ১২,১৪,৫০০/- টাকার মধ্যে আদায় হয়েছে ২০,০০০/- টাকা। নতুন এবং পুরাতন বকেয়া কোর্স ফি আদায়ের জন্য মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা ভিত্তিক পত্র যোগাযোগ অব্যাহত রাখার বিষয় সভায় আলোচনা হয়। গ) যাদের কাছে বেশি পাওনা আছে তাদের সাথে সরাসরি যোগাযোগ করার বিষয়ে আলোচনা হয়।	খ) নতুন এবং পুরাতন বকেয়া কোর্স ফি আদায়ের জন্য ই-নথির মাধ্যমে মন্ত্রণালয়ভিত্তিক পত্র যোগাযোগ অব্যাহত রাখতে হবে। গ) যাদের কাছে বেশি পাওনা আছে তাদের সাথে সরাসরি যোগাযোগ করে কোর্স ফি আদায় তরান্বিত করতে হবে। বাস্তবায়নে: উপপরিচালক (পিপিআর/অর্থ)
৬	ই-নথি কার্যক্রম	ক) ই-নথি কার্যক্রম অব্যাহত রয়েছে। কিন্তু পত্রজারির সংখ্যা বৃদ্ধি পায়নি। বেশিরভাগ পত্র এখনও হার্ডকপিতে জারি করা হয়। নভেম্বর ২০১৮ পর্যন্ত মোট ৫৫টি পত্র জারি হয়েছে। খ) BTCL ব্যতীত অন্য উৎস হতে Radio Link এর মাধ্যমে Bandwidth সংগ্রহের জন্য ক্রয় ও ভান্ডার শাখায় গত ০১/১১/২০১৮ তারিখে ইউও নোট প্রেরণ করা হয়েছে। ১৯/১১/২০১৮ তারিখে ক্রয় ও ভান্ডার শাখা হতে AMRA Network এর অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। গ) কেন্দ্রের প্রশিক্ষণ ও প্রশাসনিক কাজের গুরুত্ব বিবেচনা করে ইন্টারনেট সংযোগ নিরবচ্ছিন্ন সচল রাখার জন্য দুটি আলাদা লাইনের মাধ্যমে 350 Mbps Bandwidth	ক) ই-নথি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। পত্র জারির সংখ্যা আরো বাড়াতে হবে। বাস্তবায়নে: সকল শাখা প্রধান খ) কার্যাদেশ মোতাবেক পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: সিস্টেম এনালিষ্ট এবং সহকারী পরিচালক (ক্রয় ও ভান্ডার) গ) মগবাজার-উত্তরা-সাভার এবং মগবাজার-মিরপুর-সাভার অপটিক্যাল ফাইবারের মাধ্যমে একটি আলাদা Connectivityর মধ্যে যেকোন একটি বিচ্ছিন্ন হলে অপরটি

		সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ০১/১১/২০১৮ তারিখে পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে গত ২৬/১১/২০১৮ তারিখ হতে BTCL বিদ্যমান লাইন মগবাজার-উত্তরা-সাভার এর পাশাপাশি মগবাজার-মিরপুর-সাভার অপটিক্যাল ফাইবারের মাধ্যমে একটি আলাদা Connectivity স্থাপন করেছে মর্মে আলোচনা হয়।	দ্বারা ইন্টারনেট সরবরাহের জন্য BTCL এর সাথে পত্র যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: সিস্টেমস্ এনালিষ্ট (অ: দা:)
		ঘ) Bandwidth যথাযথভাবে Bandwidth Manager এর মাধ্যমে বিতরণ করা হচ্ছে।	ঘ) কেন্দ্রের বিভিন্ন দপ্তরের কোথায় কতটুকু ইন্টারনেট সরবরাহ/ব্যবহার হচ্ছে তা Bandwidth Manager নির্ধারণ করে আগামী সভায় উপস্থাপন করতে হবে। বাস্তবায়নে: সিস্টেমস্ এনালিষ্ট (অ: দা:)
		ঙ) রেক্টরস্ কনফরেন্স রুম-এ অবস্থিত ভিডিও কনফারেন্স সিস্টেমটির সাথে আরপিএটিসিসমূহের সংযোগ স্থাপনের জন্য গত ০৬/১১/২০১৮ তারিখে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে মর্মে আলোচনা হয়।	ঙ) ভিডিও কনফারেন্স সিস্টেম সংযোগকারী প্রতিষ্ঠান বিসিসি এর সাথে সরাসরি যোগাযোগ করে আরপিএটিসি সাথে দ্রুত সংযোগ স্থাপনের কার্যক্রম গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: সিস্টেমস্ এনালিষ্ট (অ: দা:)
৭	কেন্দ্রের সকল ক্রয় কার্যক্রম e-GP পদ্ধতিতে সম্পন্ন করা	কেন্দ্রের ক্রয় কার্যক্রমসমূহ ই-জিপির মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। ই-জিপির মাধ্যমে ক্রয়ের হার্ডনথিও সংরক্ষণ করা হচ্ছে।	e-GP'র মাধ্যমে ক্রয় কার্যক্রম জোরদার করতে হবে এবং জুন মাসের পূর্বেই ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (সেবা)
৮	ওয়েবসাইট আপডেটকরণ	ক) কেন্দ্রের ওয়েবসাইট প্রতিনিয়ত পর্যবেক্ষণ করা হচ্ছে। প্রাপ্তি সাপেক্ষে Completed Event হালনাগাদ করা হচ্ছে। খ) বিপিএটিসি ওয়েবসাইটে Important News Tab-এ তথ্য প্রাপ্তি সাপেক্ষে খবর প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	ক) কেন্দ্রের ওয়েবসাইট প্রতিনিয়ত পর্যবেক্ষণ এবং Completed Event হালনাগাদ করতে হবে। খ) বিপিএটিসি ওয়েবসাইটে Important News Tab-এ তথ্য প্রাপ্তি সাপেক্ষে খবর প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার-৪